# আত-তাওবা | At-Tawba | ٱلتَّوْبَة

আয়াতঃ ৯ : ২৭

## আরবি মূল আয়াত:

ثُمَّ يَتُوبُ اللّٰهُ مِن بَعدِ ذٰلِكَ عَلٰى مَن يَّشَآءُ ؕ وَ اللّٰهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿۲۷﴾

## অনুবাদসমূহ:

এরপর আল্লাহ যাদেরকে ইচ্ছা তাদের তাওবা কবূল করবেন। আর আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু। — আল-বায়ান

এরপরও আল্লাহ যার জন্য ইচ্ছে করবেন তাকে ক্ষমার দৃষ্টিতে দেখবেন, আল্লাহ বড়ই ক্ষমাশীল, বড়ই দয়ালু। — তাইসিরুল

অতঃপর আল্লাহ (ঐ কাফিরদের মধ্য হতে) যাকে ইচ্ছা দয়া প্রদর্শন করেন, আর আল্লাহ হচ্ছেন অতি ক্ষমাশীল, পরম করুণাময়। — মুজিবুর রহমান

Then Allah will accept repentance after that for whom He wills; and Allah is Forgiving and Merciful. — Sahih International

২৭. এরপরও যার প্রতি ইচ্ছে আল্লাহ তার তাওবাহ কবুল করবেন; আর আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।(১)

(১) এ আয়াতে ইঙ্গিত রয়েছে, যারা মুসলিমদের হাতে পরাস্ত ও বিজিত হওয়ার শাস্তি পেয়েছে এবং কুফরী আদর্শের উপর অটল রয়েছে, তাদের কিছু সংখ্যক লোককে আল্লাহ ঈমানের তাওফীক দেবেন। বাস্তবেও পরাজিত হাওয়াযেন ও সকীফ গোত্রদ্বয়ের অনেকেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বদান্যতা ও ভদ্র ব্যবহার দেখে শেষ পর্যন্ত ইসলাম গ্রহণ করেন। ফলে তারা তাদের স্ত্রী ও সন্তান-সন্ততি ফেরৎ পেয়েছিল। [সা'দী] আর আল্লাহ প্রশস্ত রহমতের অধিকারী। তাঁর রহমত সর্বব্যাপী। তাওবাহকারীদের বড় গোনাহও ক্ষমা করে দেন। আর তাদেরকে তাওবাহ করার তাওফীক দেন, তাদের অপরাধসমূহ মার্জনা করেন, সুতরাং বান্দা যত অন্যায়ই করুক না কেন তাঁর রহমত থেকে যেন সে নিরাশ না হয়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(২৭) এর পরও যাকে ইচ্ছা তাকে আল্লাহ তওবা করার তওফীক দান করেন। আর আল্লাহ চরম ক্ষমাশীল পরম দয়ালু।

-

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1262

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন